## সূচিপত্র

### প্রথম খণ্ড


| | | | |
|---|---|---|---|
| পরিচ্ছেদ | ১ | আমিনার কোলে | ১৭ |
| পরিচ্ছেদ | ২ | কোন্ আলোকে | ১৯ |
| পরিচ্ছেদ | ৩ | প্রতিশ্রুত পয়গম্বর | ২১ |
| পরিচ্ছেদ | ৪ | বংশ পরিচয় | ২৮ |
| পরিচ্ছেদ | ৫ | নামকরণ | ৩৪ |
| পরিচ্ছেদ | ৬ | সমসাময়িক পৃথিবী | ৩৯ |
| পরিচ্ছেদ | ৭ | শিশুনবী | ৪৩ |
| পরিচ্ছেদ | ৮ | প্রকৃতির কোলে | ৪৬ |
| পরিচ্ছেদ | ৯ | বক্ষ-বিদারণ | ৪৯ |
| পরিচ্ছেদ | ১০ | শিশুনবী এতিম হইলেন | ৫১ |
| পরিচ্ছেদ | ১১ | সিরিয়া ভ্রমণ | ৫৪ |
| পরিচ্ছেদ | ১২ | আল-আমিন | ৫৮ |
| পরিচ্ছেদ | ১৩ | শাদী মুবারক | ৬২ |
| পরিচ্ছেদ | ১৪ | কাবাগৃহের সংস্কার | ৬৭ |
| পরিচ্ছেদ | ১৫ | গৃহীর বেশে | ৭১ |
| পরিচ্ছেদ | ১৬ | সত্যের প্রথম প্রকাশ | ৭৪ |
| পরিচ্ছেদ | ১৭ | সত্যের স্বরূপ | ৭৮ |
| পরিচ্ছেদ | ১৮ | সত্য প্রচারের আদেশ | ৮২ |
| পরিচ্ছেদ | ১৯ | সত্যের প্রথম প্রচার | ৮৪ |
| পরিচ্ছেদ | ২০ | প্রথম তিন বৎসর | ৯০ |
| পরিচ্ছেদ | ২১ | সংঘর্ষের সূচনা | ৯৩ |
| পরিচ্ছেদ | ২২ | উৎপীড়ন | ৯৬ |
| পরিচ্ছেদ | ২৩ | –'এ আগুন ছড়িয়ে গেল সবখানে' | ১০০ |
| পরিচ্ছেদ | ২৪ | প্রতিক্রিয়া আরম্ভ হইল | ১০৪ |
| পরিচ্ছেদ | ২৫ | সাহারাতে 'ফুটলরে ফুল' | ১০৮ |
| পরিচ্ছেদ | ২৬ | অন্তরীণ বেশে | ১১২ |
| পরিচ্ছেদ | ২৭ | সর্বহারা | ১১৭ |
| পরিচ্ছেদ | ২৮ | তায়েফ গমন | ১২১ |
| পরিচ্ছেদ | ২৯ | আল-মি'রাজ | ১২৫ |
| পরিচ্ছেদ | ৩০ | অন্ধকারের অন্তরালে | ১২৯ |
| পরিচ্ছেদ | ৩১ | হিযরতের পূর্বাভাস | ১৩৬ |
| পরিচ্ছেদ | ৩২ | শিষ্যদিগের প্রস্থান | ১৩৯ |
| পরিচ্ছেদ | ৩৩ | হিযরত | ১৪৩ |
| পরিচ্ছেদ | ৩৪ | আল্-মদিনায় | ১৪৯ |
| পরিচ্ছেদ | ৩৫ | প্রেমের বন্ধন | ১৫৩ |

| | | | |
|---|---|---|---|
| পরিচ্ছেদ | ৩৬ | ইসলামিক রাষ্ট্র রচনা | ১৫৬ |
| পরিচ্ছেদ | ৩৭ | মদিনার আকাশে কালো মেঘ | ১৬১ |
| পরিচ্ছেদ | ৩৮ | বদর-যুদ্ধ | ১৬৬ |
| পরিচ্ছেদ | ৩৯ | বদর-যুদ্ধের পরে | ১৭৫ |
| পরিচ্ছেদ | ৪০ | ওহদ-যুদ্ধ | ১৮১ |
| পরিচ্ছেদ | ৪১ | জয় না পরাজয় | ১৮৯ |
| পরিচ্ছেদ | ৪২ | ওহদ-যুদ্ধের শেষে | ১৯৭ |
| পরিচ্ছেদ | ৪৩ | চতুর্থ ও পঞ্চম হিযরীর কয়েকটি ঘটনা | ২০০ |
| পরিচ্ছেদ | ৪৪ | আয়েশার চরিত্রে কলঙ্ক-দান | ২০৫ |
| পরিচ্ছেদ | ৪৫ | খন্দক-যুদ্ধ | ২১৫ |
| পরিচ্ছেদ | ৪৬ | ষষ্ঠ হিযরীর কয়েকটি ঘটনা | ২২৩ |
| পরিচ্ছেদ | ৪৭ | হোদায়বিয়ার সন্ধি | ২২৬ |
| পরিচ্ছেদ | ৪৮ | দিকে দিকে গেল আহবান | ২৩৪ |
| পরিচ্ছেদ | ৪৯ | খায়বার বিজয় | ২৪৩ |
| পরিচ্ছেদ | ৫০ | মুলতবী হজ | ২৪৮ |
| পরিচ্ছেদ | ৫১ | মুতা-অভিযান | ২৫১ |
| পরিচ্ছেদ | ৫২ | মক্কা-বিজয় | ২৫৫ |
| পরিচ্ছেদ | ৫৩ | মক্কা-বিজয়ের পরে | ২৬২ |
| পরিচ্ছেদ | ৫৪ | হোনায়েন ও তায়েফ অভিযান | ২৬৫ |
| পরিচ্ছেদ | ৫৫ | তাবুক অভিযান ও অন্যান্য ঘটনা | ২৭০ |
| পরিচ্ছেদ | ৫৬ | বিদায় হজ | ২৭৮ |
| পরিচ্ছেদ | ৫৭ | পরপারের আহবান | ২৮২ |
| পরিচ্ছেদ | ৫৮ | শেষ কথা | ২৮৮ |


## দ্বিতীয় খণ্ড


| | | | |
|---|---|---|---|
| | | **পূর্বাভাষ** | ২৯৫ |
| পরিচ্ছেদ | ১ | হযরত মুহাম্মদ জন্ম-তারিখ কবে | ২৯৭ |
| পরিচ্ছেদ | ২ | কাবা শরীফ কখন নির্মিত হইয়াছিল | ৩০৩ |
| পরিচ্ছেদ | ৩ | ইসলাম ও পৌত্তলিকতা | ৩০৮ |
| পরিচ্ছেদ | ৪ | ইসলাম ও মো'জেজা | ৩১৫ |
| পরিচ্ছেদ | ৫ | স্বাভাবিক ও অস্বাভাবিক | ৩২১ |
| পরিচ্ছেদ | ৬ | স্বাভাবিক ও অতিস্বাভাবিক | ৩২৬ |
| পরিচ্ছেদ | ৭ | বিজ্ঞান আজ কোন্ পথে | ৩৩২ |
| পরিচ্ছেদ | ৮ | ইসলাম ও নূতন বিজ্ঞান | ৩৫০ |
| পরিচ্ছেদ | ৯ | মি'রাজ | ৩৫৫ |
| পরিচ্ছেদ | ১০ | থিওসফী ও মি'রাজ | ৩৭০ |
| পরিচ্ছেদ | ১১ | 'মুহম্মদ' ও 'আহমদ' নাম কি সার্থক হইয়াছে | ৩৭৩ |
| পরিচ্ছেদ | ১২ | মুহম্মদ 'মুহম্মদ' ছিলেন কি-না | ৩৭৫ |
| পরিচ্ছেদ | ১৩ | হযরতের বহু বিবাহের তাৎপর্য | ৪৩২ |
| পরিচ্ছেদ | ১৪ | মুহম্মদ 'আহ্মদ' ছিলেন কি-না | ৪৪০ |
| | | **টীকা** | ৪৬৪ |

# আমিনার কোলে

রবিউল আউয়াল মাসের বারো তারিখ।

সোমবার।

শুক্লা-দ্বাদশীর অপূর্ণ-চাঁদ সবেমাত্র অস্ত গিয়াছে। সুবহে-সাদিকের সুখ-নূরে পূর্ব আসমান রাঙা হইয়া উঠিতেছে। আলো-আঁধারের দোল খাইয়া ঘুমন্ত প্রকৃতি আঁখি মেলিতেছে।

বিশ্বপ্রকৃতি আজ নীরব। নিখিল সৃষ্টির অন্তরতলে কি যেন একটা অতৃপ্তি ও অপূর্ণতার বেদনা রহিয়া রহিয়া হিল্লোলিত হইয়া উঠিতেছে। কোন্ স্বপ্নসাধ আজও যেন তার মিটে নাই। যুগ-যুগান্তরের পুঞ্জিভূত সেই নিরাশার বেদনা আজও যেন জমাট বাঁধিয়া দাঁড়াইয়া আছে।

আরবের মরু-দিগন্তে মক্কা-নগরীর এক নিভৃত কুটিরে একটি নারী ঠিক এই সময়ে সুখস্বপ্ন দেখিতেছিলেন।

নাম তাঁর আমিনা।

আমিনা দেখিতেছিলেন ঃ এক অপূর্ব নূরে আসমান-যমীন উজালা হইয়া গিয়াছে। সেই আলোকে চন্দ্র-সূর্য-গ্রহ-তারা ঝলমল করিতেছে। কার যেন আজ শুভাগমন, কার যেন আজ অভিনন্দন। যুগ-যুগান্তের প্রতীক্ষিত সেই না-আসা অতিথির আগমনমুহূর্ত আজ যেন আসন্ন হইয়া উঠিয়াছে। তাঁরই অভ্যর্থনার জন্য আজ যেন এই আয়োজন। কুল-মাখলুক আজ সেই আনন্দে আত্মহারা। গগনে গগনে ফেরেশতারা ছুটাছুটি করিতেছে, তোরণে-তোরণে বাঁশি বাজিতেছে। সবাই আজ বিস্মিত পুলকিত কম্পিত শিহরিত। জড়-প্রকৃতির অন্তরেও আজ দোলা লাগিয়াছে; খসরুর রাজপ্রাসাদের স্বর্ণচূড়া ভাঙিয়া পড়িয়াছে; কাবা-মন্দিরের দেব-মূর্তিগুলি ভুলুণ্ঠিত হইয়াছে; সিরিয়ার মরুভূমিতে নহর বহিতেছে।

আমিনার কুটিরেই বা আজ এ-কি অপরূপ দৃশ্য। কারা ওই শ্বেতবসনা পুণ্যময়ী নারী? বিবি হাওয়া, বিবি হাজেরা, বিবি রহিমা, বিবি মরিয়ম, সবাই আজ তাঁর শিয়রে দণ্ডায়মান। বেহেশ্‌তী নূরে সারা ঘর আজ আলোকিত। বেহেশ্‌তী খুশবুতে বাতাস আজ সুরভিত।

এক স্নিগ্ধ পবিত্র চেতনার মধ্যে আমিনার স্বপ্ন ভাঙিল। আঁখি মেলিয়া চাহিয়া